অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রেস্ক্রিপশনের ওষুধের মূল্যের মোকাবিলা করার জন্য নতুন নজরদারি ব্যুরোর ঘোষণা করেছেন

নতুন ফার্মেসি সুবিধার ব্যুরো অনিয়ন্ত্রিত ফার্মেসি সুবিধার ম্যানেজার শিল্পের তত্ত্বাবধান করবে

আর্থিক পরিষেবার বিভাগকে নির্দেশ দেয় গ্রাহক এবং স্বাধীন ছোট ব্যবসাগুলিকে সুরক্ষিত রাখতে মান প্রতিষ্ঠা করার জন্য

জুন 1 এর মধ্যে ফার্মেসি বেনিফিট ম্যানেজারদের নতুন ব্যুরোর সাথে নিবন্ধন করা এবং বার্ষিক প্রতিবেশন জুলাই 1 এর মধ্যে জমা দেওয়া বাধ্যতামূলক

PBM নিবন্ধন এবং রিপোর্টিং সম্পর্কে নির্দেশিকা এখন DFS ওয়েবসাইটে উপলব্ধ

গভর্নর হোকল আজ ফার্মেসি বেনিফিট ম্যানেজারদের উপর দেশের প্রথম অতি-প্রয়োজনীয় তত্ত্বাবধানের ঘোষণা করেছেন আর্থিক পরিষেবা বিভাগের ফার্মেসি বেনিফিটস ব্যুরো (Department of Financial Services' Pharmacy Benefits Bureau) তৈরি করার সাথে। ফার্মেসি বেনিফিটস ম্যানেজাররা হলেন আমাদের প্রেসক্রিপশন ড্রাগ সরবরাহ শৃঙ্খলের মূল মধ্যস্থতাকারী যা নিয়ন্ত্রক তত্ত্বাবধান ছাড়া বহুকাল ধরে স্বাস্থ্য পরিকল্পনাগুলির ওষুধের মূল্য এবং ফার্মেসিগুলির জন্য পরিশোধের হার নিয়ন্ত্রণ করেছে। গ্রাহকদের উপর ফার্মেসি বেনিফিট ম্যানেজারদের প্রভাব এবং স্বাস্থ্য পরিচর্যার খরচের উপর সজাগ দৃষ্টি রেখে, নতুন ব্যুরোকে লাইসেন্সিং এবং শিল্পের তত্ত্বাবধানের দায়িত্ব দেওয়া হবে।

"যখন আমরা কোভিড-19 মহামারী থেকে আমাদের প্রত্যাবর্তন চালিয়ে যাচ্ছি, তখন আমাদের জন্য স্বাস্থ্যসেবা ব্যবস্থা উন্নত করা এবং নিউ ইয়র্কবাসীদের জন্য খরচ কমিয়ে আনার প্রতিটি সুযোগকে কাজে লাগানো অত্যন্ত গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "এই যুগান্তকারী নিয়ন্ত্রক সংস্থাটি ব্যাপকভাবে অনিয়ন্ত্রিত ফার্মেসি বেনিফিট ম্যানেজার শিল্পে গ্রাহকদের প্রতারিত হওয়া থেকে রক্ষা করার জন্য সতর্ক তদারকি প্রদান করবে। আমার প্রশাসন নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য বীমা এবং প্রেসক্রিপশনের ওষুধের খরচের বোঝা কমাতে তার ক্ষমতায় থাকা সব কিছু করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

আগে এই বছরে, গভর্নর ক্যাথি হোকল ফার্মেসি বেনিফিট ম্যানেজারদের (Pharmacy Benefit Managers, PBMs) জন্য দেশের সব চেয়ে ব্যাপক নিয়ন্ত্রক ব্যবস্থা স্বাক্ষর করেছেন, DFS-কে লাইসেন্স এবং শিল্পের তত্ত্বাবধানের জন্য নতুন কতৃত্ব প্রদান করে। আর্থিক বিভাগের (Department of Financial Services, DFS) এখন PBM শিল্পে ব্যাপকভাবে রিপোর্ট করা সমস্যাযুক্ত অভ্যাসগুলির মোকাবেলা করার ক্ষমতা রয়েছে যা ফলস্বরূপ ওষুধ এবং স্বাস্থ্য বীমার খরচ কমাতে সাহায্য করবে, যে নিউ ইয়র্কবাসীদের সেই ওষুধগুলি অ্যাক্সেস করতে হয় তাদের রক্ষা করবে এবং নিউ ইয়র্কের ফার্মেসিগুলিকে সমর্থন করবে, যার মধ্যে অনেকগুলি হল স্বাধীন ছোট ব্যবসা।

উপরন্তু, প্রণীত 2023 এর রাজ্যের বাজেট পাসের সাথে সাথে, গভর্নর হোকল নতুন ব্যুরোর জন্য তহবিল এবং কর্মী মোতায়েন বাবদ 5 মিলিয়ন ডলার প্রাপ্ত করেছেন। প্রোগ্রামটি সম্পূর্ণরূপে বিকশিত হওয়ার সাথে সাথে, এই উদ্যোগটি পরিচালনার খরচ সরাসরি PBM শিল্পের উপর ফি, মূল্যায়ন এবং জরিমানা প্রয়োগের মাধ্যমে পরিশোধ করা হবে, যাতে নিশ্চিত করা যায় যে এই শিল্পকে নিয়ন্ত্রণ করার খরচ PBM এর উপর পড়বে, করদাতাদের উপর নয়।

PBM-এর নিয়ন্ত্রণ ছাড়াও, ওষুধের দাম বৃদ্ধির তদন্ত করার জন্য DFS-এর বিদ্যমান কতৃত্ব এখন নতুন ফার্মেসি বেনিফিট ব্যুরোর তত্ত্বাবধানে পড়ে। DFS রিপোর্টিং পর্যালোচনা চালিয়ে যাবে, বাজারের আচরণ নিরীক্ষণ করবে এবং নিউ ইয়র্কে গ্রাহক সুরক্ষার যথাযথ প্রয়োগ নিশ্চিত করবে।

আর্থিক পরিষেবার সুপারিনটেনডেন্ট অ্যাড্রিয়েন এ. হ্যারিস বলেছেন, "নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য এবং সুস্থতা ন্যায্য মূল্যের প্রেসক্রিপশন ওষুধের অ্যাক্সেস পাওয়ার উপর নির্ভর করে। ফার্মেসি বেনিফিট ইন্ডাস্ট্রির নিয়ন্ত্রক তত্ত্বাবধানের সাথে, DFS সারা শিল্প জুড়ে স্বচ্ছতা এবং দায়বদ্ধতা বাড়াবে, যা অবশেষে নিউ ইয়র্কবাসীদের পকেটে আরও বেশি অর্থ রাখতে দেবে।"

নিউ ইয়র্ক স্টেট হেলথ কমিশনার ডাঃ মেরি টি. বাসেট বলেছেন, "প্রেস্ক্রিপশনের ওষুধের দাম বৃদ্ধি শুধু সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য স্বাস্থ্যসেবার খরচ বাড়ায়, তাই নয়, বরং বয়স্কদের উপর একটি বিশেষ বোঝা চাপিয়ে দেয় এবং স্বাস্থ্যসেবা সরবরাহে পদ্ধতিগত বৈষম্যকে আরও বাড়িয়ে দেয়। DOH এবং DFS স্বচ্ছতা উন্নীত করতে, অ্যাক্সেস সংরক্ষণ করতে এবং সব চেয়ে ঝুঁকিপূর্ণদের জন্য প্রেসক্রিপশনের ওষুধের দামের ক্রমবর্ধমান খরচ রোধ করতে সমন্বিতভাবে কাজ করবে।"

স্টেট সিনেটর নিল ব্রেসলিন বলেন, "PBM শিল্প দীর্ঘ সময় ধরে অনিয়ন্ত্রিত অবস্থাতেই রয়ে গেছে। এখানে নিউ ইয়র্কে এবং দেশব্যাপী, উভয় ক্ষেত্রে PBM-গুলো রোগীদের সুস্থতাকে বিসর্জন দিয়ে স্বচ্ছতার অভাবের সুযোগকে কাজে লাগিয়েছে। আমি গভর্নর হোকল, সুপারিনটেনডেন্ট হ্যারিস এবং কমিশনার ব্যাসেটকে নিয়ন্ত্রক প্রক্রিয়াকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সাধুবাদ জানাই যাতে PBMগুলিকে একটি উৎকর্ষের মানে ধরে রাখা নিশ্চিত করা যায়।"

অ্যাসেম্বলি সদস্য রিচার্ড গটফ্রাইড বলেন, "PBM-গুলো ওষুধের খরচ বাড়িয়ে দেয়ার জন্য বহুলভাবে দায়ী এবং তার সাথে রোগী এবং ফার্মাসিস্টদের ক্ষতি করে লাভ করার জন্য ব্যাপকভাবে পরিচিত। তারা কার্যকর কোনো নিয়ন্ত্রণ ছাড়াই গোপনীয়ভাবে কার্যপরিচালনা করে আসছে, এবং স্বাস্থ্য পরিকল্পনাগুলো চেইন ফার্মেসিগুলোর সাথে একীভূত হওয়ায় স্বতন্ত্র ফার্মাসিস্টদের প্রতি PBM-এর অন্যায্য আচরণ আরো খারাপের দিকে যাচ্ছে। এই আইনটি PBM-গুলির কার্যকর নিয়ন্ত্রণ প্রদান করবে এবং আমি গভর্নর, কমিশনার বাসেট এবং সুপারিনটেনডেন্ট হ্যারিসকে সময়মত বাস্তবায়নের পথে এগিয়ে যাওয়ার জন্য প্রশংসা করি।"

DFS রেজিস্ট্রেশনের সময়সীমার প্রস্তুতির জন্য বাহ্যিক স্টেকহোল্ডারদের সাথে সাক্ষাৎ করেছে। DFS সমস্ত PBM-কে 1 জুন, 2022 এর মধ্যে ব্যুরোতে নিবন্ধন করার জন্য এবং 1 জুলাই, 2022-এর মধ্যে তাদের প্রথম বার্ষিক রিপোর্ট জমা দেওয়ার তাদের আবশ্যকতার কথা মনে করিয়ে দেয়। ব্যুরোটি নিবন্ধন এবং বার্ষিক রিপোর্ট, উভয় সংক্রান্ত নির্দেশিকা DFS ওয়েবসাইটে প্রকাশ করেছে।

DFS শীঘ্রই নিয়ন্ত্রক সংশোধন দাখিল করবে যা এই ব্যুরো তৈরি হওয়াকে আওতাভুক্ত করবে। স্টেট রেজিস্টারে আরো তথ্য উপলব্ধ হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418